ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন




বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 2 ● Issue - 078 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৬ ● সংখ্যা ঃ ০৭৮ ● কলকাতা ● ০৭ চৈত্র, ১৪৩২ ● রবিবার ● ২২ মার্চ ২০২৬ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

পর্ব 237

## হিমালয়ের সমর্পণ যোগ



মানুষ বিভিন্ন সময়ে নিজের জীবনে আসা সমস্যার সমাধান করতে থাকে এবং সমস্যা ও সমাধানের এই ধূপ-ছায়াকেই জীবন বলে।

জীবন আছে তো এই খেলা তো চলতেই থাকবে। এই চলতে থাকার নামই জীবন।

ঠিক এই কথা গান আর বাজনাতেও হয়। ক্রমশঃ

# মুর্শিদাবাদে বাড়িতে ঢুকে হামলা, রক্তাক্ত একাধিক



স্টাফ রিপোর্টার, রোজদিন

মুর্শিদাবাদ: বিধনসভা নির্বাচনের ইতিমধ্যেই ভোটের নির্ঘণ্ট প্রকাশ ও প্রার্থী তালিকা ঘোষণা হয়ে গিয়েছে সব দলেরই প্রায়। কিছুদিন আগেই পূর্ব বর্ধমানের পূর্বস্থলীতে বিজেপির চায়ে পে চর্চা কর্মসূচি চলাকালীন হামলার অভিযোগ উঠল তৃণমূলের বিরুদ্ধে। বিজেপির মণ্ডল সভাপতি অরবিন্দ প্রামানিককে গালিগালাজ ও মারধর করা হয় বলে অভিযোগ। কাঠগড়ায় পূর্বস্থলী ১ নম্বর ব্লকের তৃণমূল সভাপতি রাজকুমার পাণ্ডে ও তাঁর অনুগামীরা। হামলার খবর পেয়ে ঘটনাস্থলে যান কাটোয়া সাংগঠনিক জেলার বিজেপি সভানেত্রী। স্থানীয় নাদনঘাট থানার সামনে দীর্ঘক্ষণ বিক্ষোভ চলে। হামলা অভিযোগ অস্বীকার করেছেন তৃণমূলের ব্লক সভাপতি। বিজেপির বিরুদ্ধে মারধরের পাল্টা অভিযোগ করেছেন তিনি। আগে দিকে দিকে হিংসার ছবি বিভিন্ন জায়গায় ধরা পড়েছে। এবার মুর্শিদাবাদে দিনের আলোয় দলবল নিয়ে বাড়িতে

এরপর ৬ পাতায়



# রাজ্যে আসছে আরও ১৯২০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী, ভোট মরশুমে বাড়ছে উত্তাপ



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বিধানসভা নির্বাচনের নির্ঘণ্ট ঘোষণা করে দিয়েছে নির্বাচন কমিশন। আর তারপরই প্রার্থী তালিকা ঘোষণা করতে শুরু করে বিরোধী দলগুলি। যদিও আংশিক প্রার্থী তালিকা প্রকাশ করে বিরোধীরা। সেখানে পূর্ণাঙ্গ প্রার্থী তালিকা প্রকাশ করে তৃণমূল কংগ্রেস ব্যাকফুটে পাঠিয়ে দেয় বিরোধীদের।তাছাড়া এই অতিরিক্ত ১৯২০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী পাঁচটি ধাপে রাজ্যে আসবে। জম্মু ও কাশ্মীর এবং ত্রিপুরা থেকে কিছু কেন্দ্রীয় বাহিনী আনা হচ্ছে। মণিপুর থেকেও আসছে কেন্দ্রীয় বাহিনী। অসম, হরিয়ানা ও উত্তরাখণ্ড থেকে আধা সামরিক বাহিনীর জওয়ানরা বাংলায় আসতে চলেছেন। কেরলম, নাগাল্যান্ড, মিজোরাম, ত্রিপুরা, অরুণাচল প্রদেশ, মেঘালয়, সিকিম, বিহার, মধ্যপ্রদেশ, ছত্তিশগড়, ঝাড়খণ্ড, মহারাষ্ট্র, হিমাচল প্রদেশ, উত্তরপ্রদেশ, গোয়া, চণ্ডীগড়, পাঞ্জাব এবং রাজস্থান-সহ নানা রাজ্যে থেকে বাংলায় আসছে কেন্দ্রীয় বাহিনী। বাংলায় কেন্দ্রীয় বাহিনীকে নেতৃত্ব দেবেন সিআরপিএফের সেক্টরের আইজি শলভ মাথুর বলে সূত্রের খবর।এই আবহে বঙ্গে বাড়ছে কেন্দ্রীয় বাহিনী। মাত্র দু'দফার বিধানসভা নির্বাচনে দু'হাজারের বেশি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হচ্ছে। যা নিয়ে উত্তাল রাজ্য-রাজনীতি। ইতিমধ্যেই বেশ কয়েক কোম্পানি কেন্দ্রীয় বাহিনী এসে গিয়েছে। তারা শহর থেকে গ্রামে রুটমার্চ করতে শুরু করেছে। আর ভারী বুটের শব্দে তটস্থ সাধারণ মানুষ।

এদিকে বাংলায় অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচন করার লক্ষ্যে মোট ২ হাজার ৪০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করার নির্দেশ দিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রক। সে কথা ইতিমধ্যেই জানিয়ে দিয়েছে নির্বাচন কমিশন। কতগুলি ধাপে ঠিক কত কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হবে সেটা এবার বিস্তারিত জানিয়ে দিল নির্বাচন কমিশন। গত ১৯ মার্চ স্বরাষ্ট্র মন্ত্রকের জারি করা এক বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে, বাংলায় নির্বাচন পরিচালনা করতে মোট ২ হাজার ৪০০ কোম্পানি কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী বা সিএপিএফ এবং স্টেট আর্মড পুলিশ ও ইন্ডিয়া রিজার্ভ ব্যাটালিয়ন মোতায়েন করা হবে।

অন্যদিকে গতকাল স্বরাষ্ট্র মন্ত্রক প্রাথমিকভাবে ৪৮০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের নির্দেশ দিয়েছে। প্রথম দফায় ৪৮০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনীর মধ্যে সিআরপিএফ থাকছে ২৩০ কোম্পানি। বিএসএফ ১২০ কোম্পানি। ৩৭ কোম্পানি সিআইএসএফ, টিবিপি ৪৭ এবং এসএসবি ৪৬ কোম্পানি। তারা রুটমার্চ, মানুষের আস্থা ফেরানো, ইভিএম-স্ট্রংরুম পাহারা এবং গণনাকেন্দ্রের নিরাপত্তার জন্য মোতায়েন করা হয়েছে। পরে নির্বাচন কমিশনের আবেদনে আরও ১৯২০ কোম্পানি বাহিনী পাঠানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তার ফলে মোট কেন্দ্রীয় বাহিনীর পরিমাণ দাঁড়াচ্ছে ২৪০০ কোম্পানি।

# ভোটের আগেই বড় ধাক্কা- দল ছাড়লেন তৃণমূল নেতা

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বিধানসভা নির্বাচনের প্রাক্কালে বড় ধাক্কা তৃণমূলে। তৃণমূলের প্রার্থীতালিকা নিয়ে অসন্তোষ প্রকাশ করে তৃণমূল দলই ত্যাগ করলেন প্রাক্তন জেলা তৃণমূল সিনিয়র সহ সভাপতি সহ তাঁর অনুগামীরা। তৃণমূল ত্যাগ করে কংগ্রেসে যোগদান করলেন প্রাক্তন জেলা তৃণমূল সিনিয়র সহ সভাপতি দিব্যজ্যোতি প্রসাদ সিংদেও সহ তাঁর অনুগামীরা। আবার পূর্বস্থলী উত্তরে যেমন 'বহিরাগত' বসুন্ধরা গোস্বামীকে প্রার্থী করায়, আইপ্যাকের বিরুদ্ধে ২০ লাখ টাকা নিয়ে প্রার্থী করার অভিযোগ ২ বারের বিদায়ী বিধায়ক তপন চ্যাটার্জির। রাজনীতি থেকে অবসর নেবেন বলে ঘোষণা করেছেন। উগরে দিয়েছেন দলের প্রতি তাঁর রাগ ও অভিমান।শনিবার পুরুলিয়া জেলা কংগ্রেস কার্যালয়ে যোগদানকারীদের হাতে দলীয় পতাকা তুলে দিলেন জেলা কংগ্রেস সভাপতি নেপাল মাহাতো। এমনকি যোগদান পর্বের পরই দিব্যজ্যোতি প্রসাদ সিংদেওকে পুরুলিয়া বিধানসভায় কংগ্রেসের প্রার্থী করার ব্যাপারে আশাও প্রকাশ করলেন জেলা কংগ্রেস সভাপতি নেপাল মাহাতো। জেলা কংগ্রেস সভাপতি নেপাল মাহাতো বলেন, দিব্যজ্যোতি প্রসাদ সিংদেও জেলা কংগ্রেস দলে যোগ দিয়ে মানুষের জন্য কাজ করার ইচ্ছাপ্রকাশ করেন। দলের সর্ব স্তরের কর্মীদের অনুমোদন নিয়ে তাঁকে কংগ্রেসে যোগদান করানো হল।

ওদিকে যোগদানকারী

এরপর ৩ পাতায়

# ভোটের ৫ দিন আগে বঙ্গে 'অঘোষিত' রাষ্ট্রপতি শাসন জারির পরিকল্পনা কমিশনের!

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

রাজ্যে অঘোষিত রাষ্ট্রপতি শাসন জারি করতে চাইছে কমিশন। সমস্ত থানাকে কীভাবে নিষ্ক্রিয় করা যায়, নয়া ষড়যন্ত্র শুরু কমিশনের! শুক্রবার জেলাশাসক, পুলিশ সুপার, পর্যবেক্ষক ও মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে বৈঠকে ইঙ্গিত দিলেন জাতীয় নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার।সমাজমাধ্যমে বিজ্ঞাপনের ক্ষেত্রেও এই নিয়ম প্রযোজ্য। জেলার এমসিএমসি-তে



বিজ্ঞাপনের অনুমোদনের জন্য আবেদন করতে পারবেন প্রার্থীরা। স্বীকৃতি দলের সদর দপ্তর থেকে নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদন করতে হবে। কমিশন জানিয়েছে, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের নেতৃত্বে একটি আপিল কমিটিও তৈরি করা হয়েছে। বিজ্ঞাপন সংক্রান্ত এমসিএমসি-র সিদ্ধান্তে কারও আপত্তি থাকলে ওই কমিটিতে পালটা আবেদন করা যাবে। তবে অনুমোদন ছাড়া কোনও ইন্টারনেট মাধ্যম বা ওয়েবসাইটে রাজনৈতিক বিজ্ঞাপন দেওয়া যাবে না। কমিশন জানিয়েছে, ভোটের মুখে সংবাদমাধ্যমে টাকা দিয়ে কোনও

এরপর ৩ পাতায়

(১ম পাতার পর)

# মুর্শিদাবাদে বাড়িতে ঢুকে হামলা, রক্তাক্ত একাধিক

ঢুকে হামলার ঘটনা হল। এই ঘটনায় রক্তাক্ত হলেন একই বাড়ির একাধিক সদস্য। ইতিমধ্যেই স্থানীয়দের মধ্যে এই ঘটনার সম্পর্কের জানার পর চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।এলাকাটি মূলত মুর্শিদাবাদের কান্দি থানার হাটপাড়া। স্থানীয়দের অভিযোগ, শনিবার সকাল সাড়ে আটটা নাগাদ আগ্নেয়াস্ত্র হাতে বাড়িতে ঢুকে হামলা চালায় দুষ্কৃতীরা। পরিবারের ৫ সদস্যকে বেধড়ক মারধর করা হয়। আক্রান্ত তহিদ শেখের পরিবারের দাবি, তাঁরা দুষ্কৃতীদের একটি আগ্নেয়াস্ত্র ছিনিয়ে নেন। খবর পেয়ে ঘটনাস্থলে আসে কান্দি থানার পুলিশ এবং কেন্দ্রীয় বাহিনী। হামলাকারীরা স্থানীয় বলেই দাবি তহিদ শেখের পরিবারের তরফে। পুলিশ পুরো ঘটনার তদন্ত শুরু করেছে। ভোট পূর্ববর্তী এমন ঘটনায় রীতিমত ভীতির পরিবেশ তৈরি হয়েছে।

দু দিন আগেই তৃণমূলের এক কর্মীকে খুন হতে হয়েছিল। ভোটপর্বের আবহে উত্তর ২৪ পরগনার হাড়োয়ায় তৃণমূলের বুথ সভাপতিকে কুপিয়ে খুনের অভিযোগ উঠেছিল। সেখানকার প্রত্যক্ষদর্শী সূত্রে খবর, কব্জি থেকে দুটো হাত কাটা এবং একটি পা ভাঙা অবস্থায় উদ্ধার হয়েছে মসিউর কাজির দেহ। তিনি দেগঙ্গার চাঁপাতলা গ্রাম পঞ্চায়েতের গাংনীয়া এলাকায় তৃণমূলের বুথ সভাপতির দায়িত্বে ছিলেন। মৃত তৃণমূল নেতার পরিবার সূত্রে দাবি, গতকাল রাত ৯টার পর থেকে তাঁকে খুঁজে পাওয়া যাচ্ছিল না। প্রত্যক্ষদর্শী সূত্রে খবর, মিনাখাঁ বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ঝাঝুরগাছা এলাকায় তাঁর অর্ধনগ্ন ক্ষতবিক্ষত দেহ উদ্ধার হয়। কাপড়ের দোকান রয়েছে তৃণমূল নেতা মসিউর কাজির। দোকান থেকে ডেকে নিয়ে গিয়ে কুপিয়ে খুনের অভিযোগ করেছে মৃতের পরিবার। দোষীদের অবিলম্বে গ্রেফতার করে কড়া শাস্তির দাবি জানিয়েছেন তাঁরা। তৃণমূলেরই এক স্থানীয় পঞ্চায়েত সদস্যের দাবি, দলের গোষ্ঠীদ্বন্দ্বে খুন হয়েছেন মসিউর।

(২ পাতার পর)

# ভোটের ৫ দিন আগে বঙ্গে 'অঘোষিত' রাষ্ট্রপতি শাসন জারির পরিকল্পনা কমিশনের!

খবর প্রকাশ করা হচ্ছে কি না, এমসিএমসি তার উপর কড়া নজর রাখবে। এই বিষয় নিয়ে শুক্রবার পুলিশ, নোডাল অফিসার এবং অন্য আধিকারিকদের সঙ্গে কমিশন একটি বৈঠক করেছে। তাতে ভুয়ো প্রচার সম্বন্ধে আলোচনা হয়েছে। বিভিন্ন সমাজমাধ্যম কর্তৃপক্ষও সেই বৈঠকে ছিলেন। কমিশন সূত্রে খবর, ভোটের আগে সমাজমাধ্যমকে ব্যবহার করে ভুয়ো খবর প্রচার করেন অনেকে। তাতে সাধারণ মানুষ বিভ্রান্ত হন।আবার, মনোনয়নপত্রে নিজেদের সমাজমাধ্যম অ্যাকাউন্টের বিস্তরিত বর্ণনা দিতে হবে প্রার্থীদের। হলফনামায় জানাতে হবে, কার সমাজমাধ্যমে কতগুলি স্বীকৃত অ্যাকাউন্ট রয়েছে, কী কী অ্যাকাউন্ট রয়েছে এবং কোন কোন প্ল্যাটফর্মে অ্যাকাউন্ট রয়েছে তা হলফনামায় জানানোর নির্দেশ জারি করল কমিশন।

এদিকে, শুক্রবার অতিরিক্ত তালিকা প্রকাশের কথা থাকলেও ইদের কারণে তা করা হয়নি। সোমবার প্রথম দফার তালিকা প্রকাশ হবে। ওই সপ্তাহেই দ্বিতীয় তালিকা প্রকাশ হতে পারে। এখনও পর্যন্ত ২৭লক্ষ ২৩ হাজরের নিষ্পত্তি হয়েছে। কমিশন সূত্রে জানা গিয়েছে, এই মাসের মধ্যেই আরও দু'হাজার কোম্পানি কেন্দ্রীয় বাহিনী আসছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জমানায় দেশ জুড়ে অঘোষিত রাষ্ট্রপতি শাসন চলছে বলে বারবারই অভিযোগ করেছে বিরোধীরা। সোচ্চার হয়েছেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় । এবার বিধানসভার ভোটকে কেন্দ্র করে তেমনই দেখতে হতে পারে বঙ্গবাসীকে। ভোটের আগে থানাগুলিকে নিষ্ক্রিয় করে আধা সেনার উপর দায়িত্ব তুলে দেওয়ার পরিকল্পনা শুরু করল কমিশন।

সূত্রের খবর, এদিন দফায় দফায় বৈঠকে জাতীয় নির্বাচন কমিশনের তরফে নির্দেশ দেওয়া হয়, ভোটগ্রহণের পাঁচদিন আগেই আধা সেনার হাতে এলাকার আইনশৃঙ্খলা রক্ষার দায়িত্ব ছেড়ে দিতে হবে। পুলিশ শুধু কেস ডায়েরি লিখবে ও আইনি পদক্ষেপ করবে। ভোটের (WB Assembly Election 2026) দিনও যাতে পুলিশকে নিষ্ক্রিয় রাখা যায় সেই পরিকল্পনাও শুরু করেছে কমিশন। আগে বুথে ভোটার লাইন ঠিক রাখার পাশাপাশি ভোটারদের সুযোগ-সুবিধা দেখত কলকাতা ও রাজ্য পুলিশ। এবার সেই কাজ করতে হবে সংশ্লিষ্ট বুথের বিএলও ও আধা সেনাকে।

এ ছাড়াও প্রার্থীদের প্রচারের ক্ষেত্রেও আগের তুলনায় আরও কড়া পদক্ষেপ করল কমিশন। শুক্রবার বিবৃতি জারি করে কমিশন জানিয়েছে, ভোটের আগে সমাজমাধ্যমে ভুয়ো প্রচার রুখতে বিজ্ঞাপন দেওয়ার জন্য আগে সংশ্লিষ্ট কমিটির কাছ থেকে অনুমোদন নিতে হবে। অনুমোদন ছাড়া সমাজমাধ্যম বা ইন্টারনেটের কোথাও বিজ্ঞাপন দিলে তা নিয়মভঙ্গ হিসাবে ধরা হবে ও প্রয়োজনীয় পদক্ষেপ করা হবে। কমিশনের বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, রাজনৈতিক বিজ্ঞাপনের জন্য যে কোনও দল বা প্রার্থী বা সংগঠনকে মিডিয়া সার্টিফিকেশন অ্যান্ড মনিটরিং কমিটির অনুমোদন নিতে হবে।

(২ পাতার পর)

# ভোটের আগেই বড় ধাক্কা- দল ছাড়লেন তৃণমূল নেতা

দিব্যজ্যোতি প্রসাদ সিংদেও বলেন, "তৃণমূল দলে আদর্শ নেই। মানুষের জন্য কাজ করে না। সদ্য প্রকাশিত প্রার্থী তালিকায় পুরুলিয়া বিধানসভায় বহিরাগত অন্য বিধানসভা এলাকার ব্যক্তিকে প্রার্থী করা হয়েছে। পুরুলিয়া বিধানসভা এলাকার যোগ্য ব্যক্তিদের বঞ্চিত করা হয়েছে। তাই তৃণমূল দল ত্যাগ করে কংগ্রেসে যোগদান করলাম। কংগ্রেস যদি প্রার্থী করার সিদ্ধান্ত নেয় তাহলে লড়াই হবে। পুরুলিয়া বিধানসভায় মানুষের সমর্থন নিয়ে কংগ্রেস জয়ী হব।"

প্রসঙ্গত, মঙ্গলবার তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায় ও অভিষেক বন্দ্যোপাধ্যায় ২০২৬-এর তৃণমূল প্রার্থীতালিকা প্রকাশ করতেই দেখা যায়, সেই তালিকা থেকে বাদ পড়েছেন ৪ জন মন্ত্রী সহ মোট ৭৪ জন বর্তমান বিধায়ক। এবার ভোটের টিকিট না পাওয়ায়, বাদ পড়ায় প্রার্থীতালিকা থেকে বাদ পড়ায়, তালিকা প্রকাশের পরই শুরু হয়ে যায় ক্ষোভপ্রকাশ। অসিত মজুমদার থেকে মনোরঞ্জন ব্যাপারী, টিকিট না পাওয়ার হতাশা-ক্ষোভ উগরে দেন তাঁরা। বলেন, রাজনীতি ছাড়ার কথাও। আবার কোথাও প্রার্থী নিয়ে অসন্তোষের জেরে কর্মী বিক্ষোভ। যেমন উত্তরে জলপাইগুড়ির রাজগঞ্জে স্বপ্না বর্মনকে মানতে নারাজ স্থানীয় তৃণমূল নেতৃত্ব। একই ছবি পূর্ব বর্ধমানের খণ্ডঘোষেও। সেখানে প্রার্থী নবীন চন্দ্র বাগকে অবিলম্বে বদলে দাবি, নইলে গণ দল ছাড়ার হুমকি ব্লক তৃণমূল সভাপতি সহ জেলা পরিষদের অধ্যক্ষের। বিক্ষোভে সামিল হন একাধিক তৃণমূল নেতা।

## সম্পাদকীয়

### ভারত ও ভুটানের মধ্যে ডাক সহযোগিতা জোরদার হল

১৯ থেকে ২২ মার্চ ২০২৬ পর্যন্ত ভারতের যোগাযোগ মন্ত্রকের অধীনস্থ ডাক বিভাগের 'সচিব (ডাক)'-এর ভুটান সফর, দুই দেশের ডাক প্রশাসনের মধ্যে সংযোগ, পরিষেবা প্রদান এবং প্রাতিষ্ঠানিক সহযোগিতাকে শক্তিশালী করার মাধ্যমে ডাক ক্ষেত্রে ভারত-ভুটান সহযোগিতা বৃদ্ধি করেছে।

এই সফরের সময়, ভারতের যোগাযোগ মন্ত্রকের 'সচিব (ডাক)' এবং ভুটান সরকারের পরিকাঠামো ও পরিবহন মন্ত্রকের সচিব 'ডাক সহযোগিতা' বিষয়ক একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর করেন। এই স্মারকটি 'ইন্ডিয়া পোস্ট' এবং 'ভুটান পোস্ট'-এর মধ্যে সহযোগিতার জন্য একটি সুসংহত কাঠামো প্রদান করে। এই সমঝোতা স্মারকের লক্ষ্য হলো ডাক কর্মসূচি, প্রযুক্তি উন্নয়ন, সক্ষমতা বৃদ্ধি, লজিস্টিক সংযোগ, ফিলাটেলি (ডাকটিকিট সংগ্রহ ও গবেষণা) এবং জ্ঞান বিনিময়ের মতো ক্ষেত্রগুলোতে সহযোগিতার প্রসার ঘটানো।

এই আলোচনার একটি অন্যতম উল্লেখযোগ্য দিক ছিল 'ইউপিইউ – ইউপিআই' আন্তঃসীমান্ত রেমিটেন্স উদ্যোগ'-এর আসন্ন সূচনা। এই উদ্যোগটি 'ইউনিভার্সাল পোস্টাল ইউনিয়ন' (ইউপিইউ)-এর 'পোস্ট্র্যান্সফার'(PosTransfer) ব্যবস্থাকে ভারতের 'ইউনিফাইড পেমেন্টস ইন্টারফেস' (ইউপিআই)-এর সঙ্গে যুক্ত করে সংহত ডাক নেটওয়ার্কের মাধ্যমে ভারত ও ভুটানের মধ্যে দক্ষ ও সাশ্রয়ী রেমিটেন্স পরিষেবা নিশ্চিত করবে। এই উদ্যোগটি আর্থিক সংযোগ বৃদ্ধি করবে এবং উভয় দেশের নাগরিকদের জন্য ডিজিটাল রেমিটেন্স পরিষেবাগুলোকে আরও সহজলভ্য করে তুলবে।

উভয় পক্ষই এই সক্ষমতা বৃদ্ধি, প্রশিক্ষণ এবং পেশাগত উন্নয়নের গুরুত্বের ওপরও জোর দিয়েছে। এই সহযোগিতার কাঠামোর আওতায়, ভুটানের ডাক কর্মকর্তারা ভারতের ডাক বিভাগের বিভিন্ন প্রতিষ্ঠানে—যার মধ্যে 'রফি আহমেদ কিদওয়াই ন্যাশনাল পোস্টাল একাডেমি' এবং অন্যান্য প্রশিক্ষণ কেন্দ্র অন্তর্ভুক্ত—তাদের ভারতীয় সমকক্ষদের পাশাপাশি প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ করবেন। এই প্রশিক্ষণ কর্মসূচিগুলো মূলত ডাক ক্ষেত্রের পরিচালনগত দক্ষতা, ব্যবস্থাপনা সক্ষমতা এবং উদীয়মান প্রযুক্তির মতো ক্ষেত্রগুলোর ওপর আলোকপাত করবে।

ভারত ও ভুটান প্রযুক্তিগত ক্ষেত্রেও সহযোগিতা গভীর করতে সম্মত হয়েছে; এর মধ্যে 'ইন্ডিয়া পোস্ট'-এর ক্রমবিকাশমান প্রযুক্তিগত ইকোসিস্টেম বা পরিবেশ সম্পর্কিত অভিজ্ঞতা ও 'বেস্ট প্র্যাক্টিসেস' বা সর্বোত্তম অনুশীলনগুলো বিনিময় করাও অন্তর্ভুক্ত। এই সহযোগিতার আওতায় ডিজিটাল ডাক ব্যবস্থা এবং 'ডিজিটাল অ্যাড্রেস কোড'-এর মতো ক্ষেত্রগুলো রয়েছে, যা আরও দক্ষ ঠিকানা ব্যবস্থা, লজিস্টিক পরিকল্পনা এবং উন্নত পরিষেবা প্রদানে সহায়তা করতে পারে।

উভয় পক্ষই ফিলাটেলি এবং সাংস্কৃতিক বিনিময়ের ক্ষেত্রে চলমান সহযোগিতাকে স্বাগত জানিয়েছে এবং ভুটান পোস্টকে ভারতে আয়োজিত ফিলাটেলি প্রদর্শনীগুলোতে অংশগ্রহণের আমন্ত্রণ জানানো হয়েছে।

ভারত ডাক-ভিত্তিক আর্থিক পরিষেবাগুলোর ক্ষেত্রেও তাদের অভিজ্ঞতা ও জ্ঞান বিনিময়ের প্রস্তুতির কথা ব্যক্ত করেছে। এর মধ্যে রয়েছে কীভাবে ডাক নেটওয়ার্কগুলো জনগণের সঞ্চয়কে সঠিক খাতে প্রবাহিত করার মাধ্যমে এবং বিভিন্ন জনগোষ্ঠীর কাছে সহজলভ্য আর্থিক পরিষেবা পৌঁছে দেওয়ার প্রক্রিয়ায় 'ফিনান্সিয়াল ইনক্লুশন' বা আর্থিক অন্তর্ভুক্তি নিশ্চিত করতে সহায়তা করতে পারে—সেই বিষয়গুলো। ইন্ডিয়া পোস্ট ও ভুটান পোস্টের মধ্যকার জোরদার সহযোগিতা উভয় দেশের ডাক ব্যবস্থাকে আরও আধুনিক করে তুলতে সহায়তা করবে এবং নিশ্চিত করবে যাতে এই নেটওয়ার্কগুলো দক্ষ, অন্তর্ভুক্তিমূলক এবং নাগরিক ও আধুনিক ব্যবসা-প্রতিষ্ঠানগুলির পরিবর্তনশীল চাহিদার প্রতি সংবেদনশীল থাকে।

# সুন্দরবনবাসির রক্ষাকর্তা বনের মা বনবিবি দেবী



মৃত্যুঞ্জয় সরদার



**(তেরো পর্ব)**

একসময় সুন্দরবন ছিল না। মগ ও পর্তুগিজ জলদস্যুদের অত্যাচারে ওই অঞ্চল থেকে মানুষ অন্যত্র চলে যায়। গড়ে ওঠে বনভূমি। সুন্দরবনের বয়স খুব বেশি নয়। ১৯৬৪-৬৫ সালে ভারতের প্রত্নতত্ত্ব বিভাগ পশ্চিমবঙ্গের দক্ষিণ চব্বিশপরগনা জেলার সুন্দরবন অঞ্চলের মাটি খুঁড়ে দু'টি সুন্দর কষ্টিপাথরের মূর্তি পেয়েছে। এই মূর্তি দু'টি কলকাতার বিখ্যাত ভারতীয় জাদুঘরে সংরক্ষিত আছে। ভারতের প্রত্নতত্ত্ব বিভাগের অভিমত হলো, এখন পশ্চিমবঙ্গের যেখানে গড়ে উঠেছে সুন্দরবন, একসময়

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

# এবার ভোট-ময়দানে কামদুনি আন্দোলনের অন্যতম মুখ টুম্পা কয়াল ?

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

এবার ভোট-ময়দানে কামদুনি আন্দোলনের অন্যতম মুখ টুম্পা কয়াল ? ভোটে লড়তে চেয়ে বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্যর দ্বারস্থ হলেন তিনি।২০১৩ সালের ৭ জুন কামদুনির কান্না নাড়িয়ে দিয়েছিল গোটা রাজ্যকে। পাঁচিলঘেরা ফাঁকা জমি থেকে উদ্ধার হয়েছিল এক কলেজ ছাত্রীর মৃতদেহ। গণধর্ষণের পর খুন করা হয়েছিল তাঁকে। দশদিন পর, ২০১৩-র ১৭ জুন কলকাতা হাইকোর্ট। ২ দোষীর যাবজ্জীবন কারাদণ্ডের নির্দেশ দেয় ও ৪ জনকে খালাস করে হাইকোর্ট। যা নিয়ে কামদুনিকাণ্ডের প্রতিবাদী ও নিহত ছাত্রীর বান্ধবী টুম্পা কয়াল বলেছিলেন, "আমরা এই আশা কোনও দিন করিনি, দীর্ঘদিন ধরে আন্দোলনের পর আমরা এই আশা সত্যিই করিনি।"

প্রসঙ্গত, কামদুনি আন্দোলনের অন্যতম মুখ হিসাবে উঠে এসেছিলেন টুম্পা কয়াল ও মৌসুমী কয়াল।টুম্পা বলেন, "১২ বছর হয়ে গেছে। এখন আমি ভাবছি যে কোনও একটা

এরপর ৬ পাতায়

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

হাতে পাশ (চামুণ্ডা-সহ কিছু ভয়াল মাতৃকার মূর্তিরূপের হাতে পাশ থাকে), দেবী অট্টহাস্য করছেন – এরকম কিছু মিল থাকলেও এই আদিম কালীরূপ পরবর্তী যুগের কালীকল্পনা থেকে আলাদা।

**ক্রমশঃ**


## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# বদলি হওয়া জেলাশাসকদের কড়া নির্দেশ কমিশনের

**স্টাফ রিপোর্টার, রোজদিন**




১১ জন জেলাশাসক সহ ১৩ জন DEO-কে বদলি করেছে নির্বাচন কমিশন। তাঁদের বিরুদ্ধে নতুন অভিযোগ তুলেছে নতুন দায়িত্বে আসা জেলাশাসকদের একাংশ। পুরনো জেলাশাসকরা নাকি বাড়ি ছাড়তেই চাইছেন না! এই অভিযোগের কড়া জবাব দিন এবার কমিশনও। জেলার নির্বাচন পরিচালনার দায়িত্বে থাকেন 'District Election Officer' বা DEO. সাধারণত, জেলাশাসকরা এই দায়িত্ব পালন করেন। এখন কমিশনের নতুন দায়িত্ব পেয়ে নতুন অফিসাররা কীভাবে কাজ করেন, সেটাই দেখার। এবার অপেক্ষা ভোটের দিন, ২৩ ও ২৯-এ এপ্রিলের!

কেমন হয় ভোট, সেটাই দেখার। কাকে ভোট দেবেন ভোটাররা? সেটাই আসল প্রশ্ন।বদলি হওয়া জেলাশাসকদের একাংশের বিরুদ্ধে সরব হয়েছিলেন নতুনদের একাংশ।শুক্রবার DEO-দের সঙ্গে কমিশনের ভার্চুয়াল বৈঠকে নতুন দায়িত্ব পাওয়া কয়েকজন জেলাশাসক অভিযোগ করেন, নির্বাচনে কাজ তো করবেন, কিন্তু যে বাড়িতে থাকতে হবে সেটাই খালি করছেন না সদ্য বদলি হওয়া জেলাশাসকরা । অভিযোগ, মালদা, জলপাইগুড়ি, কোচবিহার-সহ বেশ কিছু জেলাশাসকরা বদলি হলেও তাঁদের বাংলো খালি করছেন না। এরপরই C E O মনোজকুমার আগরওয়াল কড়া নির্দেশ দিয়ে বলেন, আগামী ২২ মার্চের মধ্যে খালি করতে হবে বাংলোগুলি।

নজিরবিহীন প্রশাসনিক বদল, মুখ্যমন্ত্রীর ক্ষোভ

রবিবার ভোট ঘোষণার রাতেই কার্যত নজিরবিহীনভাবে রাজ্যের মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তী এবং স্বরাষ্ট্রসচিব জগদীশ প্রসাদ মিনাকে সরিয়ে দেয় জাতীয় নির্বাচন কমিশন। পরের দিন রাজ্য পুলিশের ভারপ্রাপ্ত DG পীযূষ পাণ্ডেকে সরিয়ে, দায়িত্ব দেওয়া হয় সিদ্ধিনাথ গুপ্তাকে। এরপর বদল করা হয় দুই রাজ্যের দুই ADG-সহ উনিশ জনকে। এরপর ডেপুটি কমিশনারদের পাশাপাশি সরিয়ে দেওয়া হয় এগারো জেলার DM ও কলকাতার দুই DEO-কে। অর্থাৎ, MCC চালুর পর থেকে কার্যত পুলিশ-প্রশাসনের খোলনলচেটাই বদলে দেয় নির্বাচন কমিশন। এরপরই ক্ষুব্ধ হয়ে ওঠেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এই নজিরবিহীন পদক্ষেপ কেন? প্রশ্ন তুলে কমিশনারকে সরাসরি চিঠিও লেখেন তিনি।

# শুধুই কি যান্ত্রিক ত্রুটি? আরজি করের লিফটে ঠিক কী ঘটেছিল, পরীক্ষা শুরু করল ফরেন্সিক দল

**স্টাফ রিপোর্টার, রোজদিন**




কলকাতার আরজি কর হাসপাতালে লিফট দুর্ঘটনায় মৃত্যুর তদন্তে গতি আনতে মাঠে নেমেছে রাজ্যের ফরেন্সিক দল। ইতিমধ্যেই ঘটনাস্থল থেকে বিভিন্ন নমুনা সংগ্রহ করা হয়েছে। লিফট কীভাবে নিয়ন্ত্রণের বাইরে চলে গেল, যান্ত্রিক ত্রুটির কারণ কী - এই সমস্ত প্রশ্নের উত্তর খুঁজতেই ফরেন্সিক রিপোর্ট গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে বলে মনে করা হচ্ছে।

এদিকে, এই ঘটনায় পাঁচ জনকে গ্রেফতার করেছে পুলিশ। ধৃতদের মধ্যে রয়েছেন তিনজন লিফট অপারেটর এবং দুই নিরাপত্তারক্ষী। তদন্তকারীদের দাবি, দায়িত্বে গাফিলতির অভিযোগেই তাঁদের গ্রেফতার করা হয়েছে। শুক্রবার জিজ্ঞাসাবাদের জন্য ডাকার পরই টালা থানা তাঁদের গ্রেফতার করে।

ঘটনার কেন্দ্রে রয়েছেন দমদমের বাসিন্দা ৪০ বছরের অরূপ বন্দ্যোপাধ্যায়। চার বছরের ছেলের চিকিৎসার জন্য হাসপাতালে গিয়ে এই মর্মান্তিক ঘটনার শিকার হন তিনি। অভিযোগ, ভোরবেলায় লিফটে ওঠার পরই আচমকা সেটি অস্বাভাবিকভাবে ওঠানামা করতে শুরু করে। পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে গেলে আতঙ্ক ছড়ায় যাত্রীদের মধ্যে।

ময়নাতদন্তের প্রাথমিক রিপোর্টে উঠে এসেছে চাঞ্চল্যকর তথ্য। মৃতের শরীরের পাঁজরের একাধিক হাড় ভেঙে গিয়েছিল। হাত-পা, পাঁজরের পাশাপাশি হৃদযন্ত্র, ফুসফুস ও প্লীহা ফেটে গিয়ে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল বলে জানা গিয়েছে। যা থেকে অনুমান, দুর্ঘটনার সময় প্রবল ধাক্কা লেগেছিল।

পরিবারের অভিযোগ, দুর্ঘটনার সময় লিফটে কোনও কর্মী উপস্থিত ছিলেন না। লিফটের দরজা একসময় খুললেও বাইরে কোলাপসিবল

এরপর ৬ পাতায়

# ইরানে হামলা চালাতে ভারতে ঘাঁটি গড়তে চায় আমেরিকা? দিল্লিকে বিশেষ অনুরোধ

**স্টাফ রিপোর্টার, রোজদিন**




ইরানের উপর হামলা চালাতে উপসাগরীয় দেশে নিজেদের ঘাঁটিগুলি ব্যবহার করছে আমেরিকা। নয় নয় করে সেই যুদ্ধ এসে পৌঁছেছে ভারতের দোরগোড়াতেও। ভারত মহাসাগরে ইতিমধ্যেই ইরানের জাহাজ ডুবিয়ে দিয়েছে আমেরিকা। আবার ভারত মহাসাগরে আমেরিকা এবং ব্রিটেনের ঘাঁটিতে আঘাত হেনেছে ইরানও। এমন পরিস্থিতিতে ইরানের বিরুদ্ধে যুদ্ধে ভারতকেও আমেরিকা ঘাঁটি হিসেবে ব্যবহার করতে চাইছে বলে খবর ছড়িয়েছিল।২০১৬ সালে ভারত এবং আমেরিকার মধ্যে Logistics Exchange Memorandum of Agreement স্বাক্ষরিত হয়। ওই চুক্তি অনুযায়ী, মেরামত, রক্ষণাবেক্ষণ, জ্বালানি ভরার কাজে পরস্পরের সামগি ঘাঁটি ব্যবহার করা যাবে। তবে কোনও হামলা চালানো বা সামরিক অভিযান চালানোর ক্ষেত্রে ওই চুক্তি কার্যকর নয়। ভারতের তরফে বার বার করে অবস্থান স্পষ্ট জানিয়ে দেওয়া হয়। তবে পশ্চিম এশিয়ায় যুদ্ধের আবহে গুজব ছড়িয়ে পড়ে। শুরু হয় নানা জল্পনা-কল্পনা। তাতেই বিবৃতি দিল বিদেশমন্ত্রক।পশ্চিম এশিয়ায় যুদ্ধের আবহে সম্প্রতি সোশ্যাল মিডিয়ায় শোরগোল পড়ে যায়। দাবি ওঠে, ইরানের বিরুদ্ধে যুদ্ধে ভারতের মাটিকেও ঘাঁটি হিসেবে ব্যবহার করতে চায় আমেরিকা। সেই মতো দিল্লিকে অনুরোধ জানিয়েছে তারা। ২০১৬ সালে স্বাক্ষরিত LEMOA সামরিক চুক্তির আওতায় পরস্পরের সামরিক ঘাঁটি ব্যবহারের বিষয়টিকে তুলে ধরা হয়েছে। ওই চুক্তি অনুযায়ী, সেনা মোতায়েন না করেই, জ্বালানি ভরা, সরবরাহ এবং রক্ষণাবেক্ষণের কাজে পরস্পরের ঘাঁটি ব্যবহার করতে পারে দুই দেশ। ওই দাবি সামনে আসতেই শোরগোল পড়ে যায় সোশ্যাল মিডিয়ায়। কারণ সৌদি আরব, কুয়েত, বাহরাইন, কাতারের মতো দেশে আমেরিকার ঘাঁটি রয়েছে। ইরানের বিরুদ্ধে যুদ্ধে সেখান থেকেই আঘাত হানা হচ্ছে লাগাতার। পাল্টা আঘাত হানতে ওই সব দেশে আমেরিকার ঘাঁটিগুলিকে নিশানা করছে ইরানও। তাই ভারতে আমেরিকার ঘাঁটি গাড়লে, সেখানেও ইরান হামলা চালাতে পারে কি না, ভারতও এই যুদ্ধে জড়িয়ে পড়বে কি না, তা নিয়ে জল্পনা শুরু হয়।

এমন পরিস্থিতিতে ভারতের বিদেশমন্ত্রকের তরফে বিষয়টি নিয়ে স্পষ্ট ব্যাখ্যা দেওয়া হয়। তারা জানায়, ভারতের মাটিকে আমেরিকা ঘাঁটি হিসেবে ব্যবহারের অনুরোধ জানিয়েছে বলে যে খবর ছড়িয়েছে, তা সত্য নয়। বলা হয়, 'সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়া এই ধরনের মিথ্যে এবং ভুয়ো দাবি থেকে সতর্ক থাকুন'।

(৪ পাতার পর)

## এবার ভোট-ময়দানে কামদুনি আন্দোলনের অন্যতম মুখ টুম্পা কয়াল ?

রাজনীতির ছত্রছায়ায় এসে আন্দোলন করতে। কারণ, আমরা দীর্ঘদিন আন্দোলন করেছি এবং দেখেছি।রাজনীতি ছাড়া আন্দোলন করা অত্যন্ত টাফ ব্যাপার হয়ে গেছে। সেই কারণে আমি সিদ্ধান্ত নিলাম বিজেপি জয়েন করব। সেইমতো দাদার সঙ্গে কথা হল। দু'-তিনদিনের মধ্যে জয়েন করার কথা হয়েছে। তারিখটা জানানো হবে। আমি চাই, রাজনীতির ছত্রছায়ায় এসে আন্দোলন করতে এবং মানুষের পাশে দাঁড়াতে। ব্যক্তিগত দিক থেকে আমি অনেকটাই দেরি করে ফেলেছি। এবং পুরো শেষের মুখে। এখন জানি না কী করবে দল। দল যে সিদ্ধান্ত নেবে সেই সিদ্ধান্তই আমাকে মেনে নিতে হবে। কারণ, আমি তো অনেক শেষে এসেছি। সেটা দল যেটা মনে করবে সেই সিদ্ধান্ত হবে।"

এরপরই রাজ্য সরকার ও পুলিশকে একহাত নিয়ে তিনি বলেন, "আমরা দেখেছি, রাজ্য সরকারের পুলিশ রাজ্যেরই কথায় চলেছে। রাজ্যের পুলিশমন্ত্রী যেভাবে ওদের নির্দেশ দিয়েছেন, ওরা সেভাবেই চলেছে। সেই ক্ষেত্রে রাজ্যের পুলিশমন্ত্রী যেভাবে বলেছেন... রাজ্যের পুলিশরা সেভাবে আমাদের কাজ করেনি। সেইভাবে আমাদের নিরাপত্তা দেয়নি। আমরা নিরাপত্তাহীনতায় ভুগছিলাম ২০১৩ থেকে। এখনও পর্যন্ত সেই নিরাপত্তাহীনতায় ভুগছি। রাজ্য পুলিশের কথা আমাদের কিছু বলার নেই। কারণ, আমরা দেখেছি, যারা দোষী, যারা ধর্ষণকারী তাদের সাপোর্ট দিতে, তাদের সুরক্ষা দিতে। যারা প্রতিবাদী তাঁদের কখনো সুরক্ষা রাজ্যের পুলিশ দেয়নি।"

(৫ পাতার পর)

## শুধুই কি যান্ত্রিক ত্রুটি? আরজি করের লিফটে ঠিক কী ঘটেছিল, পরীক্ষা শুরু করল ফরেন্সিক দল

গেট থাকায় বেরোনো সম্ভব হয়নি। সেই সময়ই লিফট আচমকা উপরের দিকে উঠতে শুরু করলে লিফট ও দেওয়ালের মাঝে আটকে পড়েন অরূপ।

তদন্তকারীরা খতিয়ে দেখছেন, কোন তলা থেকে লিফটে ওঠা হয়েছিল, কোন বোতাম চাপা হয়েছিল এবং লিফটের গতিবিধি ঠিক কী ছিল। আগে থেকেই কোনও যান্ত্রিক ত্রুটি থাকলে তা কেন চিহ্নিত করা হয়নি, সেই প্রশ্নও উঠছে।

পরিবারের আরও অভিযোগ, দীর্ঘ সময় ধরে উদ্ধারকাজে গাফিলতি হয়েছে। ঘটনাস্থলে উপস্থিত বহু মানুষের সামনে বারবার অনুরোধ করা হলেও লিফটের বাইরের গ্রিল ভাঙার উদ্যোগ নেওয়া হয়নি বলে দাবি তাঁদের।

ঘটনার পর নড়েচড়ে বসেছে হাসপাতাল কর্তৃপক্ষ। জানানো হয়েছে, হাসপাতালের ৩২টি লিফটেই এবার থেকে কর্মী ছাড়া কাউকে উঠতে দেওয়া হবে না। পাশাপাশি পুরো ঘটনার রিপোর্ট তলব করেছে রাজ্যের স্বাস্থ্য দফতর।

# সিনেমার খবর

## ফের পিছিয়ে গেল আলিয়ার 'আলফা'

স্টাফ রিপোর্টার, রোজদিন



যশরাজ ফিল্মসের স্পাই ইউনিভার্সের নারী গুপ্তচরদের নিয়ে নির্মিত সিনেমা আলফা মুক্তির তারিখ আবারও পিছিয়েছে। আলিয়া ভাট ও শর্বরী ওয়াঘ অভিনীত এই বিগ বাজেট সিনেমাটি এখন মুক্তি পাবে ২০২৬ সালের ১০ জুলাই।

নির্মাতা সূত্রে জানা গেছে, সিনেমার ভিএফএক্স বা বিশেষ কারিগরি কাজের মান নিয়ে কোনো ধরনের আপস করতে চান না প্রযোজক আদিত্য চোপড়া। দর্শকদের বড় পর্দায় সেরা অভিজ্ঞতা দিতে বাড়তি সময় নেওয়া হচ্ছে।

এর আগে ছবিটি ২০২৬ সালের এপ্রিলে মুক্তির কথা থাকলেও এখন তা তিন মাস পিছিয়ে জুলাইয়ে নির্ধারণ করা হয়েছে।

'আলফা' সিনেমায় আলিয়া ভাট ও শর্বরী ওয়াঘ ছাড়াও গুরুত্বপূর্ণ চরিত্রে থাকছেন ববি দেওল। ধারণা করা হচ্ছে, ছবিতে তাকে এক দুর্ধর্ষ খলচরিত্রে দেখা যাবে। পাশাপাশি অনিল কাপুরের উপস্থিতিও ছবিতে বাড়তি মাত্রা যোগ করবে।

এর আগে হৃতিক রোশন অভিনীত 'ওয়ার ২' শেষে আলিয়ার সংক্ষিপ্ত উপস্থিতি দর্শকদের মধ্যে বেশ উন্মাদনা তৈরি করেছিল। ফলে 'আলফা' মুক্তি পিছিয়ে যাওয়ার খবরে ভক্তরা কিছুটা হতাশ হলেও বড় পর্দায় নতুন ধামাকার অপেক্ষায় রয়েছেন।

বলিউডের জনপ্রিয় স্পাই ফ্র্যাঞ্চাইজির সপ্তম কিস্তি হতে যাচ্ছে 'আলফা'। সালমান খান, শাহরুখ খান ও হৃতিক রোশনের পর এবার এই অ্যাকশন জগতে নতুন মাত্রা যোগ করতে যাচ্ছেন আলিয়া ভাট।

## বলিউডে প্রেম নেই: কারিনা

স্টাফ রিপোর্টার, রোজদিন



বলিউডের সিনেমায় অতিরিক্ত রক্তারক্তি, হিংসা কিংবা নারীবিদ্বেষের উপস্থিতি বেশি লক্ষ করা গেছে। বিষয়টি নিয়ে উদ্বেগ প্রকাশ ও প্রশ্ন তুলেছেন অভিনেত্রী কারিনা কাপুর খান।

তার মতে, গত তিন বছরে বড় পর্দায় 'লার্জার দ্যান লাইফ' নায়কের দাপট-অ্যাকশননির্ভর সিনেমার দিকেই দর্শকদের ঝোঁক বেশি দেখা গেছে।অতিরিক্ত হিংসা ও রক্তপাত দেখানোর প্রবণতায় বলিউড তার নিজস্ব পরিচয় হারাচ্ছে।

ভারতীয় সিনেমায় 'অ্যাংরি ইয়ং ম্যান'-এর ধারণা অবশ্য নতুন নয়। এই ধারার সূচনা হয়েছিল অমিতাভ বাচ্চনের হাত ধরে। সময়ের সঙ্গে সঙ্গে বলিউডের বিভিন্ন প্রজন্মের নায়করা সেই ধারা এগিয়ে নিয়েছেন। তবে ২০২৩ সাল থেকে ধীরে ধীরে হিন্দি সিনেমায় 'আলফা মেল' প্রবণতা স্পষ্ট হয়ে উঠেছে। শাহরুখ খান অভিনীত 'পাঠান' ও 'জওয়ান', সানি দেওলের 'গদর ২' কিংবা রণবীর কাপুর অভিনীত 'অ্যানিমেল' সিনেমাগুলো তীব্র অ্যাকশন ও তারকাখ্যাতির জোরে বক্স অফিসে বড় সাফল্য পেয়েছিল।

২০২৪ ও ২০২৫ সালেও একাধিক অ্যাকশনধর্মী সিনেমা মুক্তি পেয়েছে। বর্তমানে সেই ধারা বজায় রেখেছেন রণবীর সিং অভিনীত 'ধুরন্ধর' সিনেমায়। পাশাপাশি শাহিদ কাপুর কেও 'ও রোমিও' সিনেমাতে দেখা গেছে এক ভয়ংকর অবতারে। ফলে গত কয়েক বছরে বড় পর্দায় শক্তিশালী নায়ককেন্দ্রিক অ্যাকশননির্ভর গল্পের দিকেই দর্শকদের ঝোঁক বেশি লক্ষ্য করা গেছে। এই প্রসঙ্গে এক সাক্ষাৎকারে মুখ খুলেছেন করিনা কাপুর।

করিনা বলেন, 'এখনকার সিনেমায় ছোট ছোট আবেগঘন বা প্রেমের মুহূর্ত প্রায় নেই বললেই চলে। একসময় মূলধারার বলিউড সিনেমা বলতে যে ধরনের সিনেমা বোঝানো হতো, এখনকার সিনেমা তার থেকে অনেকটাই আলাদা। গল্প বলার ধরনেও বদল এসেছে।'

তিনি আরও বলেন, 'বলিউডে আগে প্রেম, গান ও আনন্দের মিশেলে সিনেমা তৈরি হতো। এখন সেখানে প্রাধান্য পাচ্ছে রক্তপাত ও অ্যাকশন। অথচ হিন্দি সিনেমাকে দর্শক সবসময়ই প্রাণবন্ত ও রঙিন বলেই চিনেছে।'

## শরীর নিয়ে অশালীন মন্তব্য, পুলিশের দ্বারস্থ শ্রাবন্তী



স্টাফ রিপোর্টার, রোজদিন

শরীর নিয়ে অশালীন ও নেতিবাচক মন্তব্যের শিকার হয়েছেন টালিউড অভিনেত্রী শ্রাবন্তী চট্টোপাধ্যায়। বিষয়টি নিয়ে পুলিশের দ্বারস্থ হয়েছেন তিনি। ইতিমধ্যে কলকাতা পুলিশ-এর সাইবার ক্রাইম শাখায় এফআইআর দায়ের করেছেন অভিনেত্রী।

সামাজিক যোগাযোগমাধ্যমে অশালীন ও নেতিবাচক মন্তব্য করার অভিযোগে শুক্রবার ই-মেইলের মাধ্যমে লিখিত অভিযোগ জানান শ্রাবন্তী। পুলিশ সূত্রে জানা গেছে, অভিযোগটি তারা গ্রহণ করেছেন এবং বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।

এ প্রসঙ্গে শ্রাবন্তী বলেন, 'আর ধৈর্য ধরে রাখতে পারলাম না। আমরা শিল্পীরা এমনিতেই সফট টার্গেট। কিন্তু শুধু শিল্পী হিসেবেই নয়, একজন সাধারণ মানুষ হিসেবেও বলছি—এইভাবে দিনের পর দিন নোংরা মন্তব্য মেনে নেওয়া যায় না। আমার চেহারা ও শরীর নিয়ে নেতিবাচক কথা বলা হচ্ছে। কিন্তু একটু ভেবে দেখা উচিত, কেন আমার চেহারায় পরিবর্তন এসেছে।'

সম্প্রতি 'ঠাকুমার ঝুলি' নামের একটি ওয়েব সিরিজের শুটিং শেষ করেছেন শ্রাবন্তী। সেখানে তাঁকে ঠাকুরমার চরিত্রে দেখা যাবে। অভিনেত্রীর দাবি, চরিত্রের প্রয়োজনে প্রায় ১০ কেজি ওজন বাড়াতে হয়েছে তাঁকে।

তিনি বলেন, 'ঠাকুরমার চরিত্রে অভিনয়ের জন্য তো সেভাবেই প্রস্তুতি নিতে হয়। ঠাকুরমার গড়ন ছিপছিপে নায়িকার মতো হতে পারে না। কিন্তু মানুষ কিছু না জেনেই মন্তব্য করতে ভালোবাসেন। দুঃখের বিষয়, শুধু পুরুষ নয়—এই ধরনের মন্তব্যে মহিলারাও রয়েছেন।'

# হ্যাজেলউডের আইপিএলে মাঠে নামা অনিশ্চিত

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

আগামী ২৮ মার্চ থেকে মাঠে গড়াচ্ছে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের (আইপিএল) ১৯তম আসর। আসরকে সামনে রেখে প্রস্তুতি শুরু করে দিয়েছে দলগুলো। তবে টুর্নামেন্ট শুরুর আগে ধাক্কা দিয়েছে বর্তমান চ্যাম্পিয়ান রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু।
হিন্দুস্তান টাইমসের প্রতিবেদনে বলা হয়েছে, চোট থেকে সেরে না ওঠায় অস্টেলিয়ার পেসার জশ হ্যাজেলউডের খেলা নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে। সদ্য শেষ হওয়া টি-টোয়েন্টি বিশ্বকাপে খেলতে পারেনি।



রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু এক টুইটে জানানো হয়েছে, জশ হ্যাজেলউড এখনও ফিজিওর তত্ত্বাবধানে আছেন। তার অংশগ্রহণ নির্ভর করছে তিনি ছাড়পত্র পান কিনা তার ওপর। এদিকে প্যাট কামিন্সও আইপিএলে খেলার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছেন।
অ্যাশেজের আগে কামিন্সের পিঠে চোট লেগেছিল এবং তিনি তার পিঠের যত্ন নিচ্ছেন এবং কাজের চাপ ব্যবস্থাপনার উপর মনোযোগ দিচ্ছেন। তিনি কেবল একটি অ্যাশেজ ম্যাচে খেলেছেন।
প্যাট কামিন্সের ক্ষেত্রেও একই অবস্থা। জশ এবং প্যাট দুজনেই আপাতত ফিজিও তত্ত্বাবধানে রয়েছেন, তবে একেবারেই হতাশাজনক নয়। এবার চিন্নাস্বামী স্টেডিয়ামে সানরাইজার্স হায়দ্রাবাদের বিপক্ষে উদ্বোধনী ম্যাচে দেখা হবে রয়্যাল বেঙ্গালুরু। বর্তমান চ্যাম্পিয়নদের জন্য হ্যাজেলউড তাদের তারকা বোলার এবং শিরোপা জয়ের ভূমিকা রেখেছিলেন।৩৫ বছর বয়সী এই খেলোয়াড় ১২ ইনিংসে ২২ উইকেট নিয়েছিলেন, যার স্ট্রাইক-রেট ১২.০০।

## এবারও আইপিএলে সব ম্যাচই খেলবেন ধোনি



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ভারতের ক্রিকেট কিংবদন্তি মাহেন্দ্র সিং ধোনি আবার মাঠে নামতে চলেছেন। চেন্নাই সুপার কিংসের সঙ্গে মৌসুমের আগে অনুশীলনে যোগ দিয়েছেন ৪৪ বছর বয়সী এই হ্যান্ডসম্যান। দলের প্রধান নির্বাহী কাসি বিশ্বনাথন নিশ্চিত করেছেন, ধোনি আইপিএলের সব ম্যাচেই খেলবেন।
গত আইপিএলেও ধোনি চেন্নাইয়ের ১৪টি ম্যাচে অংশ নিয়েছিলেন। কিন্তু বয়স এবং ফিটনেস সংক্রান্ত প্রশ্ন প্রতি মৌসুমেই উত্থিত হয়। জুলাইয়ে ৪৪ বছর পূর্ণ করা ধোনির জন্য এবারও এমন প্রশ্ন ছিল। এখন তা প্রমাণিত, তিনি সব ম্যাচে মাঠে থাকবেন।
কিন্তু ধোনি কী ভূমিকা রাখবেন—ব্যাটার, কিপার-ব্যাটার নাকি 'ইম্প্যাক্ট প্লেয়ার' তা সিদ্ধান্তের বিষয়, জানালেন প্রধান নির্বাহী। তিনি বলেন, 'এটি ক্রিকেটীয় সিদ্ধান্ত, দলের স্টাফরাই নির্ধারণ করবে। প্রশাসনিক কর্মকর্তা হিসেবে আমি বলতে পারি না।'
ধোনি আইপিএলের জন্য গত মাস থেকেই নিজ শহর রাঁচিতে প্রস্তুতি নিচ্ছিলেন। চেন্নাই দলের সঙ্গে অনুশীলনে যোগ দিয়েছেন এক সপ্তাহ আগে। গত আইপিএলে তিনি ৭-৯ নম্বরে খেলেছেন, ১৩ ইনিংসে করেছেন ১৯৬ রান, স্ট্রাইক রেট ১৩৫.১৭।
ধোনির নেতৃত্বে চেন্নাই সুপার কিংস ১০ বার আইপিএলের ফাইনালে উঠেছে, যেখান থেকে চ্যাম্পিয়ন এবং রানার্সআপ হয়েছেন সমান ৫ বার করে। এছাড়া বিলুপ্ত চ্যাম্পিয়ন্স লিগ ক্রিকেটেও তার নেতৃত্বে দুটি শিরোপা জিতেছে চেন্নাই।

## পান্ডিয়ার বিরুদ্ধে জাতীয় পতাকা অবমাননার অভিযোগে এফআইআর



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

টি-টোয়েন্টি বিশ্বকাপ জয়ের উদযাপনের সময় জাতীয় পতাকার অবমাননার অভিযোগ উঠেছে ভারতীয় অলরাউন্ডার হার্দিক পান্ডিয়ার বিরুদ্ধে। ভারতের পুনে শহরের এক আইনজীবী পুলিশের কাছে আনুষ্ঠানিক অভিযোগ দায়ের করেছেন বলে জানিয়েছে এনডিটিভি।
আইনজীবী ওয়াজিদ খান পুনের শিবাজি নগর পুলিশ স্টেশনে লিখিত আবেদন জমা দেন। তিনি হার্দিক পান্ডিয়ার বিরুদ্ধে এফআইআর দায়েরের আর্জি করেছেন। অভিযোগে বলা হয়েছে, আহমেদাবাদের নরেন্দ্র মোদি স্টেডিয়ামে অনুষ্ঠিত টি-টোয়েন্টি বিশ্বকাপ ফাইনালে জয় উদযাপনের সময় পান্ডিয়া জাতীয় পতাকা শরীরে জড়িয়ে মাঠে অশালীন আচরণ করেছেন। ওয়াজিদ খানের আবেদনে উল্লেখ করা হয়েছে, 'জাতীয় পতাকার মর্যাদা রক্ষা করা প্রতিটি নাগরিকের দায়িত্ব, এবং এই কাজ প্রযোজ্য আইনের অধীনে অপরাধ হিসেবে গণ্য হতে পারে।'
পুলিশ জানিয়েছে, অভিযোগ গ্রহণ করা হয়েছে, তবে তদন্ত সংক্রান্ত বিস্তারিত এখনও জানানো হয়নি।
অন্যদিকে টি-টোয়েন্টি বিশ্বকাপ জয়ের পর নিজের প্রতিক্রিয়ায় হার্দিক পান্ডিয়া বলেন, এটি তার ব্যক্তিগত প্রতিশ্রুতির বাস্তবায়ন। তিনি বলেন, '২০২৪ সালে বার্বাডোজে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে ফাইনাল জয়ের পর আমি নিজেকে প্রতিশ্রুতি দিয়েছিলাম, যে কোনো টুর্নামেন্টই খেলি, জেতার জন্যই খেলব এবং ট্রফি জিতব। আহমেদাবাদে নিউজিল্যান্ডকে হারিয়ে এই জয় সেই প্রতিশ্রুতির বাস্তব প্রমাণ। এটি কেবল শুরু।'
২০২৬ টি-টোয়েন্টি বিশ্বকাপে পান্ডিয়া ব্যাট ও বল—দুই বিভাগেই গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। টুর্নামেন্টে তিনি দুটি অর্ধশতক করেছেন এবং মোট ৯ উইকেট নিয়েছেন। বিশেষভাবে উল্লেখযোগ্য ছিল নামিবিয়ার বিপক্ষে তার ২৮ বলে ৫২ রানের ইনিংস। এছাড়া তিনি আইসিসি টি-টোয়েন্টি বিশ্বকাপের সেরা একাদশেও জায়গা করে নিয়েছেন।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রিট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR